Department of Education
Chancellor Richard A. Carranza

22 মার্চ, 2020

প্রিয় পরিবারবর্গ,

আগামীকাল আমরা নিউ ইয়র্ক সিটির 1.1 মিলিয়ন শিক্ষার্থীদেরকে একটি সম্পূর্ণ নতুন শিক্ষাগত প্রক্রিয়া দূর থেকে শিক্ষার আওতায় নিয়ে আসার পথে প্রথম বিশাল পদক্ষেপ গ্রহণের জন্য মিলিত হবো।

যেখানে কয়েক সপ্তাহ আগে আমাদের কেউ ভাবতেও পারেনি যে শিক্ষাক্ষেত্রে আমরা এই নাটকীয় পরিবর্তন সূচিত করবো, সেখানে আমাদের শিক্ষাবিদগণ তাদের নিজ নিজ বাড়ি থেকে, আপনাদের সন্তানদের শিক্ষাদানের জন্য যেমন করে ঐক্যবদ্ধভাবে নিজেদের প্রস্তুত করার জন্য মিলিত হয়েছেন, এর চেয়ে গর্ব করার মতো আমার আর কী হতে পারে। এবং আমি আপনাদের সবার কাছে অত্যন্ত কৃতজ্ঞ এই জন্য যে, আপনারা DOE-এর শিক্ষাবিদ ও কঠোর পরিশ্রমী স্টাফদের উপর আস্থা রেখেছেন।

এটা ত্রুটিহীন হবে না। কোন কিছুই একটি ক্লাসরুমে একজন প্রতিভাবান শিক্ষককে স্থলাভিষিক্ত করতে পারে না। শিক্ষার্থীরা যেসব সমস্যা ও অসমতার মুখোমুখি হবে, আমরা তা জানি। তবে DOE-এর 150,000 স্টাফ কীভাবে এসব প্রতিকুলতার মোকাবিলা করেছেন, গত কয়েক সপ্তাহ থেকে তা আমি দেখেছি। তাদের প্রতি আপনার আস্থা তাদের প্রাপ্য এবং অর্জন।

মেয়র ডিব্লাজিও এবং আমি এক সপ্তাহ আগে, কমপক্ষে 20 এপ্রিল পর্যন্ত শিক্ষার্থীদের শিক্ষানির্দেশনার জন্য স্কুল ভবন বন্ধ করার দুরূহ সিদ্ধান্তটি গ্রহণের পর ঘটনাগুলো ঘটেছে খুবই দ্রুত। মাত্র কয়েকদিনের মধ্যে সিটিব্যাপী শিক্ষকগণ দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) কার্যক্রম তৈরি করেছেন। প্রতিটি স্কুলে একটি অনলাইন প্লাটফর্ম স্থাপন করা হয়েছে। স্পেশাল এডুকেশন ও বহুভাষী শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থীর জন্য শিক্ষণ উপকরণ তৈরি করা হয়েছে এবং আমাদের ওয়েবসাইটে দেওয়া হয়েছে এবং আগামীতে আরো অনেক কিছু দেয়া হবে।

দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) নিয়োজিত হওয়া সম্পর্কে প্রাসঙ্গিক তথ্য আমাদের ওয়েবসাইট schools.nyc.gov-এ দেওয়া হয়েছে—সর্বশেষ তথ্য পেতে হলে অনুগ্রহ করে ঘন ঘন দেখবেন। এবং অনুগ্রহ করে কোনো প্রশ্ন থাকলে আপনার শিক্ষক ও প্রিন্সিপ্যালের কাছে খোঁজ নেবেন: গত সপ্তাহের আগেও তারা যেমন ছিলেন, ঠিক এই অভাবিত পরিস্থিতিতেও একইভাবে আপনাদের শিক্ষাগত পথনির্দেশক (ভারচুয়াল) হিসেবে অব্যাহতভাবে থাকবেন। এ সপ্তাহে স্মরণ রাখার জন্য আমি আপনাকে কিছু গুরুত্বপূর্ণ তথ্য দিচ্ছি:

- দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং): প্রতিটি স্কুলের নিজস্ব অনলাইন প্লাটফর্ম আছে, আবার অনেক স্কুল গুগল ক্লাসরুম (Google Classroom) ব্যবহার করে। আপনার সন্তানের স্কুল কোন্ রিমোট লার্নিং উপকরণ ব্যবহার করবে, সেটা জানানর জন্য শিক্ষাবিদগণ স্কুল কমিউনিটির সাথে যোগাযোগ করেছেন।

Department of Education
Chancellor Richard A. Carranza

   - আপনারা DOE স্টুডেন্ট অ্যাকাউন্ট সম্পর্কে এবং গুগল ক্লাসরুম ও মাইক্রোসফট্ টিমস্ কীভাবে শুরু করতে হবে সেবিষয়ে schools.nyc.gov/learnathome ওয়েবপেজে নির্দেশনা খুঁজে পাবেন৷
   - সংযোগ স্থাপনে আপনার বাড়তি সমস্যা হলে ইমেইলে আপনার স্কুরের সাথে সরাসরি যোগাযোগ করুন৷ যদি ইতোমধ্যে আপনার কাছে তা না থেকে থাকে, তাহলে আমাদের 'ফাইন্ড এ স্কুল' টুল থেকেও আপনার স্কুলের সাথে যোগাযোগের তথ্য পেতে পারেন: schools.nyc.gov/find-a-school.

- ইলেকট্রনিক ডিভাইস: রিমোট লার্নিংয়ে অংশগ্রহণে আপনার সন্তানের যদি একটি ডিভাইস প্রয়োজন হয় এবং আপনি যদি ডিভাইসের অনুরোধের ফর্ম পূরণ না করে থাকেন, অনুগ্রহ করে নিচের ওয়েবপেজ দেখুন coronavirus.schools.nyc/RemoteLearningDevices৷ ইন্টারনেট যোগাযোগ সহ একটি ডিভাইস পেতে, আমরা আপনাকে সহায়তা দেবো৷
   - আপনাদের অনেকেই ইতোমধ্যে আপনাদের স্কুল থেকে ডিভাইস ধার পেয়েছেন৷ আপনি না পেয়ে থাকলে এবং ডিভাইস আবশ্যক হলে অনুগ্রহ করে সার্ভে পূরণ করুন, এবং আমরা আপনাদের সাথে যোগাযোগ করবো৷

- যেসব শিক্ষার্থীর ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) আছে তাদের জন্য: যদি আপনার শিক্ষার্থীর জন্য ইনটিগ্রেটেড কো-টিচিং, স্পেশাল ক্লাস, কিংবা স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিস সুপারিশকৃত হয়, তাহলে আপনার স্কুল সাধ্যমতো চেষ্টা করবে যাতে, সেসব শিক্ষানির্দেশনা সাধারণত যেসব স্পেশাল এডুকেশন শিক্ষক ও প্যারাপ্রফেশন্যাল প্রদান করতেন, তাদের কাছ থেকে প্রদান অব্যাহত রাখা যায়৷ কীভাবে শিক্ষানির্দেশনা প্রদান করা হবে, সেটা জানাতে আপনার স্কুল থেকে কেউ আপনার সাথে যোগাযোগ করবেন৷
   - এর পরও আপনার সন্তানের IEP মিটিং অনুষ্ঠিত হবে; IEP মিটিং ফোনে করা হবে৷ প্রাথমিক মূল্যায়নের রেফারেলের জন্য আপনারা আপনাদের প্রিন্সিপ্যালের কাছে কিংবা specialeducation@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করতে পারেন বা 311 নম্বরে ফোন করতে পারেন৷
   - IEP আছে এমন শিক্ষার্থীদের দূর থেকে শিক্ষা সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে schools.nyc.gov/learnathome ওয়েবসাইট দেখুন৷

- ফ্রি খাবার: আমরা আগামী সপ্তাহগুলোতে সিটির 400টিরও বেশি সাইটে বিনামূল্যে খাবার বিতরণ অব্যাহত রাখবো৷ খাবার বিতরণ কেন্দ্রগুলো সোমবার থেকে শুক্রবার সকাল 7:30 থেকে বেলা 1:30 পর্যন্ত চালু থাকবে এবং যে কোনো বয়সের যে কোনো শিক্ষার্থী প্রতিদিন দিন 3 বেলা খাবার নিতে পারবে৷ আপনার কাছাকাছি এরকম একটি কেন্দ্রের খোঁজ পেতে schools.nyc.gov/freemeals ওয়েবসাইট দেখুন৷

Department of Education
Chancellor Richard A. Carranza

- রিজিওন্যাল এনরিচমেন্ট সেন্টার: সোমবার, 23 মার্চ, সিটি প্রথম সাড়াদানকারী ও স্বাস্থ্যকর্মীসহ—COVID-19-এর বিরুদ্ধে কর্মরত সম্মুখ-সারির কর্মীদের ছেলেমেয়েদের জন্য রিজিওন্যাল এনরিচমেন্ট সেন্টার (REC) চালু করবে। আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তান একটি REC-এর জন্য যোগ্য, অনুগ্রহ করে schools.nyc.gov/recs ওয়েবসাইট দেখুন।

- ভর্তি ও স্থানলাভে সহায়তা: ফ্যামিলি ওয়েলকাম স্টাফদের সাথে ইমেইলে যোগাযোগ করা যাবে, এবং তারা নবাগতদের ভর্তি ও আসন বরাদ্দ এবং ভর্তি সংক্রান্ত প্রশ্নাবলীর উত্তর দেওয়া, অফার এবং অপেক্ষা-তালিকা সম্পর্কে তথ্য দেওয়ার জন্য প্রস্তুত আছেন। তারা REC-এর ভর্তি নিয়ে কাজ করেন না।

    - অনুগ্রহ করে জেনে রাখবেন যে, FWC-গুলো সম্প্রতি প্রকাশিত হাই স্কুলের অফার লেটার সংক্রান্ত অসংখ্য প্রশ্নের উত্তর প্রদানে খুব ব্যস্ত। আমরা আপনাদেরকে ধৈর্য ধরার পরামর্শ দিচ্ছি এবং 48 ঘন্টার মধ্যে সকল অনুরোধের জবাবদানের লক্ষ্যমাত্রা ঠিক করেছি। সরাসরি সহায়তা পাওয়ার উপায় জানা যাবে নিচের ওয়েবসাইটগুলো থেকে:

- ব্রংক্স: bronxfwc@schools.nyc.gov
- ব্রুকলিন: brooklynfwc@schools.nyc.gov
- ম্যানহাটান: manhattanfwc@schools.nyc.gov
- কুইন্স: queensfwc@schools.nyc.gov
- স্ট্যাটেন আইল্যান্ড: statenislandfwc@schools.nyc.gov

এছাড়াও পিতামাতাগণ 311 নম্বরে ফোন করতে পারবেন এবং বলতে পারেন “Schools” যাতে স্কুল সম্পর্কিত বিষয়ে সহায়তা প্রদানে সক্ষম কারো কাছে পাঠানো হয়।

স্কুল পর্যায়ে সমাধান দেওয়া সম্ভব হয়নি, এমন কোনো সমস্যার ক্ষেত্রে সহায়তার প্রয়োজন হলে কিংবা কোনো অভিযোগ জমা দিতে হলে অনুগ্রহ করে আপনার ডিস্ট্রিক্ট সুপারিন্টেনডেন্টের অফিসে যোগাযোগ করুন। ডিস্ট্রিক্ট সাপোর্ট টিমের সাথে যোগাযোগের তথ্য এখানে পাওয়া যাবে: schools.nyc.gov/about-us/leadership/district-leadership। আপনার সন্তানের স্কুল কোন্ ডিস্ট্রিক্টে, সেটা না জানলে অনুগ্রহ করে এই 'ফাইন্ড এ স্কুল' টুল ব্যবহার করুন: schools.nyc.gov/find-a-school।

নতুন বাস্তবতার সাথে আমাদের সবার মানিয়ে চলার এই পর্যায়ে কিছুটা বাধাবিপত্তি থাকবেই, এবং মিলিতভাবে এই পরিবর্তনকালীন পরিস্থিতিতে আপনাদের কাছ থেকে ধৈর্য্য ধারণের প্রত্যাশার করছি বলে আমি আপনাদের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি।

Department of
Education
Chancellor Richard A. Carranza

আর মাত্র কয়েক ঘন্টার মধ্যে আমরা সবাই একযোগে একটি অভাবনীয় পরিস্থিতিতে বড় ধরনের পদক্ষেপ নিবো। আমরা সফল হবো, যদি আমরা পরিবার, শিক্ষাবিদ এবং স্টাফ একটি কমিউনিটি হিসেবে অব্যাহতভাবে একযোগে কাজ করি। আমাদের সবার আছে গুরুত্বপূর্ণ দুটি সাধারণ লক্ষ্য: 1.1 মিলিয়ন শিক্ষার্থীর প্রত্যেকের জন্য উচ্চ মানসম্পন্ন শিক্ষাদান, এবং আমাদের স্কুল কমিউনিটির সবার স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা।

অর্থাৎ নিউ ইয়র্ক সিটির পাবলিক এডুকেশন আসন্ন ভবিষ্যতের জন্য প্রচণ্ড রকমের ভিন্নতর রূপ গ্রহণ করতে যাচ্ছে। তবে মিলিতভাবে আমরা এগিয়ে যাওয়ার পথের পরিকল্পনা তৈরি করবো এবং আমার কোনো সন্দেহ নেই যে, শেষ পর্যন্ত আমরা ঘুরে দেখবো এবং বলবো, এটি ছিলো আমাদের একটি সেরা সময়: যখন আমরা কঠোর সমস্যার মুখোমুখী হয়েছিলাম, এবং আমরা তা থেকে ঐক্যবদ্ধভাবে বেরিয়ে আসতে পেরেছিলাম, সম্মিলিত শক্তি ও প্রতিশ্রুতির মাধ্যমে।

নিউ ইয়র্ক সিটির রয়েছে বিশ্ব-সেরা শিক্ষার্থী ও স্টাফ, এবং কিছুই তা বদলাতে পারবে না—আজ, কাল কিংবা কখনও না। এই অভিযাত্রায় আপনাদের সঙ্গী হতে পেরে আমি অত্যন্ত উদ্দীপ্ত। আমি আশ্বস্ত যে, মিলিতভাবে আমরা শিখবো এবং অসীম সম্ভাবনা নিয়ে বেড়ে উঠবো।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন